



শত্রুর সামনে মাথা নত করবে না ইরান: ইরানের প্রেসিডেন্ট



মাসুদ পেজেশকিয়ান। ছবি: সংগৃহীত

যুক্তরাষ্ট্রের সঙ্গে চলমান আলোচনাকে আত্মসমর্পণের পথ নয়, বরং জাতীয় অধিকার রক্ষার কূটনৈতিক প্রচেষ্টা হিসেবে উল্লেখ করেছেন ইরানের প্রেসিডেন্ট মাসুদ পেজেশকিয়ান। তিনি বলেছেন, কোনো পরিস্থিতিতেই ইরান শত্রুপক্ষের সামনে মাথা নত করবে না।

রোববার (১০ মে) দেওয়া এক বক্তব্যে পেজেশকিয়ান বলেন, সংলাপে অংশ নেওয়ার অর্থ এই নয় যে তেহরান নিজের অবস্থান থেকে সরে আসবে। বরং দেশের স্বার্থ ও জনগণের অধিকার সুরক্ষিত রাখাই এসব আলোচনার মূল লক্ষ্য।

তুরস্কভিত্তিক সংবাদমাধ্যমের বরাতে প্রকাশিত ওই বক্তব্যে তিনি আরও জানান, ইরান সবসময় নিজেদের নীতিগত অবস্থানে অটল রয়েছে। যুক্তরাষ্ট্র ও ইসরাইলের সঙ্গে সাম্প্রতিক সংঘাতের পর ক্ষয়ক্ষতি পুনর্গঠন নিয়ে আয়োজিত এক টার্কফোর্স বৈঠকে তিনি এসব কথা বলেন।

গত ফেব্রুয়ারিতে ইরানের বিভিন্ন স্থাপনায় যুক্তরাষ্ট্র ও ইসরাইলের হামলার পর মধ্যপ্রাচ্যে উত্তেজনা তীব্র আকার ধারণ করে। পরে পাল্টা প্রতিক্রিয়ায় ইরানও ইসরাইল ও উপসাগরীয় অঞ্চলে মার্কিন মিত্রদের লক্ষ্য করে হামলা চালায়। একই সঙ্গে কৌশলগতভাবে গুরুত্বপূর্ণ হরমুজ প্রণালিতে চলাচলেও সীমাবদ্ধতা আরোপ করা হয়।

পরবর্তীতে পাকিস্তানের মধ্যস্থতায় ৮ এপ্রিল যুদ্ধবিরতি কার্যকর হলেও এখনো স্থায়ী সমাধান আসেনি। তবে কূটনৈতিক যোগাযোগ অব্যাহত রয়েছে। বিশ্লেষকদের মতে, প্রেসিডেন্ট পেজেশকিয়ানের সাম্প্রতিক বক্তব্যে স্পষ্ট হয়েছে, আলোচনা চললেও নিজেদের অবস্থানে অনড় থাকতে চায় তেহরান।